



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf.org.bd

২০২৩-২৪ অর্থবছরের পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত (৪র্থ কোয়ার্টার) সভার কার্যবিবরণী

সভাপতি : ড. তৌফিক হাসান
সভার তারিখ : ২৩ জুন ২০২৪
সময় : বেলা ০২.৩০ ঘটিকা
সভার স্থান : কক্ষ নং-৮০২, পিকেএসএফ ভবন
সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়সমূহ সুপারিশ করা হয়:

ক্রম. নং	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত
১	আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন বিষয়ক আলোচনা	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অংশ হিসেবে মন্ত্রণালয়/বিভাগসহ তার আওতাধীন দপ্তর/বিভাগীয় অফিসসমূহের অংশগ্রহণে গৃহীত উদ্ভাবনী ধারণাসমূহ নিয়ে ন্যূনতম একটি ইনোভেশন শোকেসিং আয়োজন করা এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ/ধারণা বর্ণনা, প্রসেস ম্যাপ, লিংক ও টিসিভি বিশ্লেষণসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করার নির্দেশনা রয়েছে। এরই অংশ হিসেবে পিকেএসএফ-এর ইনোভেশন টিম কর্তৃক ইতঃপূর্বে উদ্ভাবিত/ডিজিটাইজকৃত সেবাসমূহ যথাক্রমে জিপিএস বেজড মনিটরিং অ্যাপ্লিকেশন, প্রতিবন্ধী-বান্ধব ভ্রাম্যমান প্রশিক্ষণ, সহযোগী সংস্থা কর্তৃক নির্বাচিত অতিদরিদ্র খানায় প্রদানকৃত স্বাস্থ্য ও পুষ্টি সেবা পরিবীক্ষণ ও মূল্যায়ন, লাইভলিহড ম্যাপিং এর মাধ্যমে সদস্যদের আয়বর্ধনমূলক কর্মকাণ্ড নির্বাচন ও প্রয়োজনীয় আর্থিক সেবা প্রদান, এবং ডিজিটাল ট্রেনিং প্ল্যাটফর্ম ইত্যাদি উদ্ভাবিত সেবা হতে একটি সেবাকে শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করার জন্য ডিএমডি-২ মহোদয়ের নের্ত্বে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটি বিগত ১৮ এপ্রিল ২০২৪ তারিখ উল্লিখিত উদ্ভাবিত সেবা থেকে ডিজিটাল ট্রেনিং প্ল্যাটফর্ম সেবাটিকে শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করেন এবং পুরস্কৃত করেন।
২	ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত বিষয়ক আলোচনা	উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২৩-২৪ অনুযায়ী ই-ফাইলে নোট নিষ্পত্তির বিষয়ে উল্লেখ রয়েছে। এ বিষয়ে জানানো হয় যে, পিকেএসএফ ইতোমধ্যে ডি-নথির মাধ্যমে নোট নিষ্পত্তি করছে। পিকেএসএফ-এর এক্সটারনাল অডিটের ট্যুর প্ল্যান, এক্সটারনাল অডিট কমপ্ল্যায়েন্স, বিভিন্ন প্যানেল ও প্রজেক্টের কার্যক্রম, ইত্যাদি




পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf.org.bd

		ডি-নথির মাধ্যমে নোট নিষ্পন্ন করে থাকে। বিগত এপ্রিল-জুন ২০২৪ তারিখের মধ্যে মোট ৯৯টি নোট নিষ্পন্ন করা হয়েছে, যার মধ্যে ডি-নথির মাধ্যমে ৮১টি নোট নিষ্পন্ন করা হয়েছে। ডি-নথিতে নোট নিষ্পন্নের হার ৮২%। ডি-নথিতে নোট নিষ্পন্নের হার যাতে আরো বাড়ানো যায় সে বিষয়ে সভাপতি প্রশাসন শাখার সহযোগিতা কামনা করেন।
৩	তথ্য বাতায়ন হালনাগাদকরণ বিষয়ক আলোচনা	তথ্য বাতায়ন হালনাগাদকরণের বিষয়ে যোগাযোগ ও প্রকাশনা শাখা হতে জানানো হয় যে, পিকেএসএফ নিয়মিতভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করছে।
৪	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজন সংক্রান্ত আলোচনা	উল্লিখিত সূচকের বিষয়ে ইনোভেশনের সদস্য সচিব উল্লেখ করেন স্মার্ট বাংলাদেশ বিষয়ক ২টি কর্মশালা/সভা/সেমিনার আয়োজনের একটি বাধ্যবাধকতা রয়েছে। বিগত ১ নভেম্বর ২০২৩ তারিখ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক প্রথম সভা এবং ৩০ মে ২০২৪ তারিখ দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয় বলে তিনি সভাকে অবহিত করেন।

পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


28/06/24
(ড. তৌফিক হাসান)

মহাব্যবস্থাপক ও ইনোভেশন অফিসার

অনুলিপি:

১. ইনোভেশন কমিটির সদস্য (সকল)
২. আই এন্ড টি শাখা (ওয়েবসাইটে আপলোড করার জন্য)
৩. পি.এ টু এএমডি-২
৪. সংশ্লিষ্ট নথি।

Ka .